



তারিখ: ২২ ফেব্রুয়ারী ২০১৭

### প্রেস বিজ্ঞপ্তি

লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা প্রদান

আজ ২২ ফেব্রুয়ারী ২০১৭ মহামান্য হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশের নামে নারী ও পুরুষকে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় আরো কিছু নির্দেশনা প্রদান করেছেন। মহামান্য আদালত লক্ষীপুরের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকে কমলনগর থানার ১৪.০২.২০১৭ তারিখের ১০নং মামলার আসামী চর মার্টিন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইউছুফ আলী জামিন নেয়ার সময় মহামান্য হাইকোর্ট বিভাগের ১৪.০২.২০১৭ তারিখের ৩/২০১৭ নং সুয়ো মটো রুলের কথা বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতকে অবগত করেছিলেন কি না - এ মর্মে ৯ মার্চ ২০১৭ তারিখের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি কমলনগর উপজেলার ইউএনও কে ১৪.০২.২০১৭ থেকে ২০.০২.২০১৭ তারিখ পর্যন্ত চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান কোনো দাপ্তরিক কাজে অংশগ্রহণ করেছেন কি না - এ বিষয়ে ৯ মার্চ ২০১৭ তারিখের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। মহামান্য আদালত ৯ মার্চ ২০১৭ তারিখে চরমার্টিনের ইউপি চেয়ারম্যান ইউছুফ আলী ও কমলনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অকুল চন্দ্র বিশ্বাসকে আদালতে হাজির থাকার নির্দেশ প্রদান করেছেন। মহামান্য হাইকোর্টের বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি এ, কে, এম, সাহিদুল এর সম্মুখে গঠিত ডিভিশন বেঞ্চ এই নির্দেশনা প্রদান করেছেন।

**শ্রেণীপট:** গত ৩১ ডিসেম্বর ২০১৬ ইং তারিখ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বহির্ভূত শাস্তি প্রদান করেন যা ১৪ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ বিডি নিউজ ২৪.কম এ সংবাদ আকারে প্রকাশিত হয়। সেই তারিখে ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এডভোকেট এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত ঘটনাটিকে আমলে নেন। তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী এডভোকেট শারমিন আক্তার।

প্রসঙ্গত, ১৪ ফেব্রুয়ারী ২০১৭ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বহির্ভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনার সাথে জড়িত চেয়ারম্যানের এরূপ শাস্তি প্রদান কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না ও তার বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না এবং লক্ষীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে দায়িত্বে অবহেলার কারণে কেন আইনগত পদক্ষেপ নেয়া হবে না- এ মর্মে মহামান্য হাইকোর্ট বিভাগ এর মাননীয় বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও মাননীয় বিচারপতি এ, কে, এম, সাহিদুল এর সম্মুখে গঠিত ডিভিশন বেঞ্চ স্ব-প্রণোদিত হয়ে রুলনিশি জারি করেছেন। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; লক্ষীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যানসহ মোট আট জনকে আদালত কারণ দর্শাতে বলেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত চেয়ারম্যানের ও লক্ষীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে ২২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ আদালতে উপস্থিত হয়ে নিজ নিজ বক্তব্য প্রদানের জন্য



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

## Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

আদালত নির্দেশনা প্রদান করেছিলেন। পাশাপাশি লক্ষীপুরের পুলিশ সুপারকে সালিশের নামে বিচার বহির্ভূত সহিংসতার শিকার নারী ও পুরুষের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করার এবং উক্ত তারিখে ঘটনার সাথে জড়িতদের উপস্থিতি নিশ্চিত করার আদেশ প্রদান করেছিলেন। উক্ত শুনানিতে রাষ্ট্রপক্ষের ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব এ.এস.এম. নাজমুল হক।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd